

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

সরবরাহ-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.১৭৬

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০

০৩ আগস্ট ২০২৩


বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির জন্য বরাদ্দকৃত চাল উত্তোলন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্যশস্য সংরক্ষণের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে খাদ্যবান্ধব কর্মসূচির আগামী সেপ্টেম্বর ও অক্টোবর ২০২৩ মাসের বরাদ্দকৃত চাল উত্তোলনের জন্য নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (১) প্রতিটি ডিলার আগামী ১৬-২২ আগস্ট ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সেপ্টেম্বর ও অক্টোবর মাসের চাল উত্তোলন করবেন;
- (২) ডিলারগণ একাধিকবার বরাদ্দকৃত চাল উত্তোলন করে বিতরণ করতে পারবেন;
- (৩) দুই মাসের বরাদ্দকৃত উত্তোলিত চাল একত্রে উপকারভোগীদের মাঝে ১৬-২২ আগস্ট/২০২৩ খ্রি. তারিখ এর মধ্যে সঠিকভাবে বিতরণ নিশ্চিত করতে হবে;
- (৪) ডব্লিউএফপি কর্তৃক সবরাহকৃত কার্নেল দিয়ে ২২টি উপজেলায় কার্নেলসহ খাদ্যবান্ধব কর্মসূচি বাস্তবায়নের প্রস্তাব পাওয়া গেছে। ২২টি উপজেলার খাদ্যবান্ধব কর্মসূচীর বরাদ্দ ব্যতীত অবশিষ্ট সমুদয় বরাদ্দ উল্লিখিত সময়ে বিতরণ করতে হবে।
- (৫) ডব্লিউএফপির প্রস্তাবিত উপজেলাসমূহ উপযুক্ত বিবেচিত না হলে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন করে ২২টি উপজেলা নির্ধারণ করতে পারবেন এবং সেমতে কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

০২। এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : তালিকা ১ ফর্দ (14123/potrojariAttachmentRef/53275/0/81)



৮-৮-২০২৩

কুল প্রদীপ চাকমা

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪৬১৬

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল: dssupply1@mofood.gov.bd

মহাপরিচালক (গ্রেড-১)

মহাপরিচালকের দপ্তর

খাদ্য অধিদপ্তর


স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.১৭৬/১(৬৬)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০

০৩ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল) [খাদ্য বাস্কব কর্মসূচীর চাল উত্তোলন ও বিতরণ কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় তদারকি ও দিকনির্দেশনা প্রদানের অনুরোধসহ]
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়



৮-৮-২০২৩

কুল প্রদীপ চাকমা

উপসচিব